



তারিখ: ১৬ জুন ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

সিঙ্গাপুরে '২০২৫ এশিয়া কাপ ওয়ার্ল্ড র‍্যাংকিং টুর্নামেন্ট, স্টেজ-২' এর কোয়ালিফিকেশন রাউন্ডে বাংলাদেশের আর্চারদের ফলাফলঃ

অদ্য ১৬ জুন ২০২৫ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিত '২০২৫ এশিয়া কাপ ওয়ার্ল্ড র‍্যাংকিং টুর্নামেন্ট, স্টেজ-২' এর কোয়ালিফিকেশন রাউন্ডে এশিয়া মহাদেশের ২০টি দেশ থেকে ১০৫ জন পুরুষ ও ৯৯ জন মহিলাসহ মোট ২০৪ জন আর্চার অংশগ্রহণ করে। রিকার্ড ডিভিশনে পুরুষ সেকশনে ৫৫ জন ও মহিলা সেকশনে ৫৫ জন এবং কম্পাউন্ড ডিভিশনে পুরুষ সেকশনে ৫০ জন ও মহিলা সেকশনে ৪৪ জন আর্চার প্রতিদ্বন্দ্বিতা করেন। রিকার্ড ডিভিশনে পুরুষ সেকশনে বাংলাদেশের আব্দুর রহমান আলিফ ৭০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ স্কোরের মধ্যে ৬৬২ স্কোর করে ৭ম, রামকৃষ্ণ সাহা ৬৫০ স্কোর করে ২১তম, মো: রাকিব মিয়া ৬৪৮ স্কোর করে ২৩তম এবং মো: সাগর ইসলাম ৬৪১ স্কোর করে ৩৩তম হওয়ার গৌরব অর্জন করেন। রিকার্ড ডিভিশনে মহিলা সেকশনে বাংলাদেশের মোসা: মনিরা আক্তার ৬২৯ স্কোর করে ২৩তম হওয়ার গৌরব অর্জন করেন।

কম্পাউন্ড ডিভিশনে পুরুষ সেকশনে হিমু বাছাড় ৫০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ স্কোরের মধ্যে ৭০৭ (আন্তর্জাতিক খেলায় বাংলাদেশের সর্বোচ্চ স্কোর) স্কোর করে ৪র্থ, নেওয়াজ আহমেদ রাকিব ৬৮৯ স্কোর করে ২৮তম এবং মো: সোহেল রানা ৬৭৮ স্কোর করে ৪১তম হওয়ার গৌরব অর্জন করেন। কম্পাউন্ড ডিভিশনে মহিলা সেকশনে বাংলাদেশের পুষ্পিতা জামান ৬৮৭ স্কোর করে ১২তম, বন্যা আক্তার ৬৮০ স্কোর করে ২২তম এবং মোসা: কুলছুম আক্তার ৬৫৭ স্কোর করে ৩৬তম হওয়ার গৌরব অর্জন করেন।

রিকার্ড পুরুষ দলগত ইভেন্টে বাংলাদেশ (আব্দুর রহমান আলিফ, রামকৃষ্ণ সাহা ও মো: রাকিব মিয়া) ১৯৬০ স্কোর করে ১৪টি দলের মধ্যে ৫ম হওয়ার গৌরব অর্জন করে। রিকার্ড মিশ্র দলগত ইভেন্টে বাংলাদেশ (আব্দুর রহমান আলিফ ও মোসা: মনিরা আক্তার) ১২৯১ স্কোর করে ১৬টি দলের মধ্যে ৯০ হওয়ার গৌরব অর্জন করে। কম্পাউন্ড পুরুষ দলগত ইভেন্টে বাংলাদেশ (হিমু বাছাড়, নেওয়াজ আহমেদ রাকিব ও মো: সোহেল রানা) ২০৭৪ স্কোর করে ১৩টি দলের মধ্যে ৮ম হওয়ার গৌরব অর্জন করে। কম্পাউন্ড মহিলা দলগত ইভেন্টে বাংলাদেশ (পুষ্পিতা জামান, বন্যা আক্তার ও মোসা: কুলছুম আক্তার) ২০২৪ স্কোর করে ১১টি দলের মধ্যে ৭ম হওয়ার গৌরব অর্জন করে। কম্পাউন্ড মিশ্র দলগত ইভেন্টে বাংলাদেশ (হিমু বাছাড় ও পুষ্পিতা জামান) ১৩৯৪ স্কোর করে ১৩টি দলের মধ্যে ৫ম হওয়ার গৌরব অর্জন করে।

আগামীকাল ১৭ জুন ২০২৫ সিঙ্গাপুর সময় সকাল ৯টা হতে ইলিমিনেশন রাউন্ডের খেলা শুরু হবে। রিকার্ড পুরুষ ও মহিলা এবং কম্পাউন্ড পুরুষ ও মহিলা একক ইভেন্টে ১/২৪ ইলিমিনেশন রাউন্ড হতে সেমি-ফাইনাল পর্যন্ত খেলা অনুষ্ঠিত হবে। সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ আর্চারী দল উক্ত টুর্নামেন্টে অংশ নেয়।

টুর্নামেন্টের সকল ফলাফল এই লিঙ্কে পাওয়া যাবে: <https://www.ianseo.net/Details.php?told=23047>

J. Ahmed

তানভীর আহমেদ

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আর্চারী ফেডারেশন।



ছবি সংযুক্ত

Archery
BANGLADESH